



পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ



GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৬ ডিসেম্বর ২০২২

আজ ১৬ই ডিসেম্বর, মহান বিজয় দিবস। বাঙালি জাতির এক অনন্য গৌরবোজ্জ্বল দিন। মহান মুক্তিযুদ্ধের মধ্যদিয়ে ১৯৭১ সালের এই দিনে পাকিস্তানি বর্বর দখলদার বাহিনী ও তাদের দোসরদের পরাজিত করে আমরা বিজয় অর্জন করেছিলাম। বিজয়ের এ দিনে আমি দেশে-বিদেশে অবস্থানরত সকল বাংলাদেশিকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আজকের এই শুভক্ষণে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, আমাদের স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে- যাঁর দূরদর্শী নেতৃত্বে সুদীর্ঘ স্বাধীনতা সংগ্রাম এবং সশস্ত্র মুক্তিযুদ্ধে অনেক আত্মত্যাগের মধ্যদিয়ে বাঙালি জাতি অর্জন করেছে স্বাধীন সার্বভৌম জাতিরাষ্ট্র এবং মহান বিজয়। পরম শ্রদ্ধার সাথে স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধের ৩০ লাখ শহিদ, অসংখ্য বীর মুক্তিযোদ্ধা এবং দুই লক্ষ মা-বোনকে- যাঁদের সুমহান আত্মত্যাগের মধ্য দিয়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ। আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি বন্ধুরাষ্ট্র ও বিদেশি নাগরিকগণের প্রতি যাদের অকুণ্ঠ সহায়তা আমাদের স্বাধীনতা অর্জনের পথে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।

বঙ্গবন্ধুর নির্দেশিত পথ ধরে, তাঁর সার্থক উত্তরসূরী ও সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে। দারিদ্র্য বিমোচন, টেকসই উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ, নারীর ক্ষমতায়ন, মানবসম্পদ উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশের অগ্রগতি ঈর্ষণীয়। ফলে সাধারণ মানুষের জীবনযাত্রার মান অনেক বৃদ্ধি পেয়েছে। বর্তমান সরকার কোভিড-১৯ মহামারি মোকাবিলা করে সারা বিশ্বে সুনাম অর্জন করেছে। বাংলাদেশ এখন একটি গতিশীল অর্থনীতি এবং সম্ভাবনাময় দেশ। এজন্য আন্তর্জাতিক সম্প্রদায় এখন বাংলাদেশকে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে আখ্যায়িত করে থাকে। ব্রিটেনের অর্থনৈতিক গবেষণা সংস্থা, সেন্টার ফর ইকোনমিকস এ্যান্ড বিজনেস রিসার্চ (সিইবিআর) এর গবেষণা মতে, বর্তমান অর্থনৈতিক অগ্রগতির ধারা অব্যাহত থাকলে ২০৩৬ সালের মধ্যে বাংলাদেশ বিশ্বের ২৪তম বৃহৎ অর্থনীতিতে পরিণত হবে। বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে, আমাদের জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলা' হিসেবে, একটি উন্নত ও সমৃদ্ধশালী দেশে পরিণত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশের উন্নয়নের এ অগ্রযাত্রায় আমি প্রবাসী বাংলাদেশিদের সক্রিয় অংশগ্রহণ ও সার্বিক সহযোগিতা প্রত্যাশা করছি।

পররাষ্ট্র মন্ত্রণালয় ও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে কর্মরত সকলের প্রতি রইলো আমার শুভেচ্ছা। মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' এবং একটি সুন্দর পৃথিবী বিনির্মাণে নিজ নিজ অবস্থান থেকে সবাই কাজ করে যাবো - বিজয় দিবসে এটাই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. এ কে আব্দুল মোমেন, এমসপি)